অধ্যাদেশ নং-....., ২০২৫

Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance, 1983 রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু ইউনানী, আয়ুর্বেদিক চিকিৎসা ব্যবস্থা বিশ্বব্যাপী বিস্তার লাভ করিতেছে এবং দেশের অভ্যন্তরে এ চিকিৎসা ব্যবস্থা গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাচ্ছে, এমতাবস্থায় সকল অংশীজন এবং সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া সময়ের চাহিদার প্রেক্ষিতে নূতন অধ্যাদেশ প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে, Bangidesh Unani and Ayurvedic Practitioners Ordinance, 1983 (Ordinance No. XXXII of 1983) রহিতক্রমে উহার বিধানাবলি বিবেচনাক্রমে সময়ের চাহিদার প্রতিফলনে নূতন অধ্যাদেশ প্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন, যথা:-

প্রথম অধ্যায়
প্রারম্ভিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**।- (১) এই আইন বাংলাদেশ ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা আইন, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা**।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে,-

(১) **"আয়ুর্বেদিক চিকিৎসা"** অর্থ আধুনিক বিজ্ঞানভিত্তিক আয়ুর্বেদিক সিস্টেমস অব মেডিসিন, সার্জারি এন্ড অবসট্রেটিকস ও বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত আয়ুর্বেদিক অফিসিয়াল ফার্মাকোপিয়া, ফরমুলারি বা মনোগ্রাফ এবং তৎসহ অন্যান্য দেশের ট্রাডিশনাল চিকিৎসাসমূহ (পঞ্চকর্ম, ইয়োগা, সিদ্ধা, নেচারোপ্যাথি, আকুপাংচার, আকুপ্রেশার, মক্সিবাশন ও কাপিং, মেসাজ থেরাপি, ডায়াটো থেরাপি, ট্রাডিশনাল হিলিং থেরাপি, হারবাল ড্রাগস, ইত্যাদি);

(২) **"ইউনানি চিকিৎসা"** অর্থ আধুনিক বিজ্ঞানভিত্তিক ইউনানি সিস্টেমস অব মেডিসিন, সার্জারি এন্ড অবসট্রেটিকস ও বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত ইউনানি অফিসিয়াল ফার্মাকোপিয়া, ফরমুলারি বা মনোগ্রাফ এবং তৎসহ অন্যান্য দেশের ট্রাডিশনাল চিকিৎসাসমূহ [ইয়োগা, নেচারোপ্যাথি, আকুপাংচার, আকুপ্রেশার, মক্সিবাশন ও কাপিং, মেসাজ থেরাপি, দাওয়ায়ে গেযা (ডায়াটো থেরাপি), হারবাল ড্রাগস, ইত্যাদি];

(৩) **"ইউনানী চিকিৎসক"** অর্থ এই আইনের অধীনে নিবন্ধিত ইউনানী চিকিৎসা পদ্ধতির একজন চিকিৎসক;

(৪) **"আয়ুর্বেদিক চিকিৎসক"** অর্থ এই আইনের অধীনে নিবন্ধিত আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতির একজন চিকিৎসক;

Scanned with OKEN Scanner

(৫) **"ইউনানি, আয়ুর্বেদিক ও হারবাল ফার্মাকোপিয়া"** অর্থ নির্বাহী পরিষদ কর্তৃক প্রণীত ইউনানি, আয়ুর্বেদিক ও হারবাল ঔষধ প্রস্তুত সংক্রান্ত পুস্তক বা নির্দেশিকা, যাহাতে ঔষধের উৎস, প্রস্তুত প্রণালি, যৌগিক গঠন, গুণগত মান এবং অনুরূপ বিষয়াদির বিস্তারিত বর্ণনা থাকে;

(৬) **"ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠান"** অর্থ কাউন্সিল কর্তৃক স্বীকৃত বা অনুমোদিত কোনো ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠান বা মেডিকেল কলেজ;

(৭) **"কাউন্সিল"** অর্থ ধারা ৬ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল;

(৮) **"চেয়ারম্যান"** অর্থ কাউন্সিল ও নির্বাহী কমিটির চেয়ারম্যান;

(৯) **"নির্ধারিত"** অর্থ বিধি বা প্রবিধি দ্বারা নির্ধারিত;

(১০) **'রেজিস্টার বহি'** অর্থ এই আইনের অধীনে ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতির চিকিৎসকগণের নিবন্ধনের জন্য সংরক্ষিত নিবন্ধন বহি;

(১১) **"নির্বাহী কমিটি"** অর্থ ধারা ১০ এর অধীন গঠিত নির্বাহী কমিটি;

(১২) **"প্রবিধান"** অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(১৩) **'প্রথাগত লোকজ চিকিৎসক'** অর্থ ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসা পদ্ধতিতে প্রাতিষ্ঠানিক শিক্ষা ব্যতিত অভিজ্ঞতাসম্পন্ন বংশ পরম্পরায় ইউনানী বা আয়ুর্বেদিক চিকিৎসা পেশায় নিয়োজিত চিকিৎসক;

(১৪) **"বিধি"** অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(১৫) **'বিশ্ববিদ্যালয়'** অর্থ সরকার ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক অনুমোদিত কোনো বিশ্ববিদ্যালয়;

(১৬) **সিনিয়র ভাইস চেয়ারম্যান"** অর্থ কাউন্সিল ও নির্বাহী কমিটির সিনিয়র ভাইস-চেয়ারম্যান;

(১৭) **"ভাইস-চেয়ারম্যান"** অর্থ কাউন্সিল ও নির্বাহী কমিটির ভাইস-চেয়ারম্যান;

(১৮) **"রেজিস্ট্রার"** বা **"**অর্থ কাউন্সিলের রেজিস্ট্রার;

(১৯) **'সদস্য'** অর্থ কাউন্সিলের সদস্য;

(২০) **'হাসপাতাল'** অর্থ সরকার কর্তৃক অনুমোদিত কোন হাসপাতাল যেখানে ইউনানী বা আয়ুর্বেদিক কিংবা উভয় পদ্ধতিতে চিকিৎসা সেবা প্রদানের উপযুক্ত ব্যবস্থা থাকিবে।

(২১) **"হারবাল"** অর্থ ইউনানি ও আয়ুর্বেদিক মেডিসিনে ব্যবহৃত সক্রিয় ভেষজ অথবা এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা অনুমোদনপ্রাপ্ত কোনো বিজ্ঞানসম্মত পণ্য (ড্রাগ, ঔষধ, প্রসাধনী, নির্যাস, কসমেটিক, সম্পূরক খাদ্য, ইত্যাদি) যাহা সরাসরি এক বা একাধিক ভেষজ ঔষধি উদ্ভিদ হইতে প্রস্তুত।

৩। **আইনের প্রাধান্য।**- আপাতত বলবৎ অন্য কোনো আইন/অধ্যাদেশে যাহা কিছুই থাকুক না কেন এই অধ্যাদেশের বিধানাবলি প্রাধান্য পাইবে।

দ্বিতীয় অধ্যায়
কাউন্সিল গঠন, দায়িত্ব, কার্যাবলি, ইত্যাদি

৪। **কাউন্সিল প্রতিষ্ঠা, ইত্যাদি।**- (১) এই আইন কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, বাংলাদেশ ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল নামে একটি কাউন্সিল প্রতিষ্ঠিত হইবে।

Scanned with OKEN Scanner

(২) কাউন্সিল একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সিলমোহর থাকিবে এবং ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার ও হস্তান্তর করিবার ও চুক্তি সম্পাদন করিবার ক্ষমতা থাকিবে এবং কাউন্সিল স্বীয় নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

৫। **কাউন্সিলের কার্যালয়।**- (১) কাউন্সিলের প্রধান কার্যালয় ঢাকায় অবস্থিত হইবে।

(২) কাউন্সিল, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোনো স্থানে উহার আঞ্চলিক বা শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

৬। **কাউন্সিলের গঠন।**- (১) নিম্নবর্ণিত সদস্যগণের সমন্বয়ে কাউন্সিল গঠিত হইবে, যথাঃ

(ক) সরকার কর্তৃক নিযুক্ত একজন চেয়ারম্যান;

(খ) নিবন্ধিত ইউনানী চিকিৎসকদের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য, যিনি সার্বক্ষণিক ইউনানী চিকিৎসা পেশায় নিয়োজিত;

(গ) নিবন্ধিত আয়ুর্বেদিক চিকিৎসকদের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য, যিনি সার্বক্ষণিক আয়ুর্বেদিক চিকিৎসা পেশায় নিয়োজিত;

(ঘ) স্বীকৃতিপ্রাপ্ত ইউনানী চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকবৃন্দের ভোটে তাহাদের মধ্য হইতে নির্বাচিত একজন ইউনানী শিক্ষক প্রতিনিধি ;

(ঙ) স্বীকৃতিপ্রাপ্ত আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকবৃন্দের ভোটে তাহাদের মধ্য হইতে নির্বাচিত একজন আয়ুর্বেদিক শিক্ষক প্রতিনিধি ;

(চ) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কর্তৃক মনোনীত, উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা ;

(ছ) অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ কর্তৃক মনোনীত, উক্ত বিভাগের অন্যূন যুগ্ম-সচিব পদমর্যাদার একজন কর্মকর্তা;

(জ) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক মনোনীত অন্যূন পরিচালক পদমর্যাদার একজন কর্মকর্তা;

(ঞ) ডীন, চিকিৎসা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, পদাধিকার বলে সদস্য;

(ট) সরকারি মেডিকেল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা অনুষদের ডীনগণের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য;

(ঠ) সরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিক্যাল কলেজসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য;

(ড) স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি ইউনানী ও আয়ুর্বেদিক মেডিকেল কলেজসমূহের অধ্যক্ষবৃন্দের মধ্য হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য;

(ঢ) কাউন্সিলের রেজিস্ট্রার, পদাধিকার বলে, কাউন্সিলের সদস্য-সচিবও হইবেন।

(২) কাউন্সিলের প্রথম সভায় কাউন্সিলের সদস্যবৃন্দের মধ্য হইতে একজন সিনিয়র ভাইস-চেয়ারম্যান ও একজন ভাইস-চেয়ারম্যান নির্বাচিত করিবে। তবে, এই ক্ষেত্রে একজন ইউনানী ও অপরজন আয়ুর্বেদিক সদস্য নির্বাচিত হইবেন।

Scanned with OKEN Scanner

(৩) চেয়ারম্যান-এর পদ শূণ্য হইলে বা তাঁহার অসুস্থতা বা অনুপস্থিতিতে সাময়িক সময়ে সিনিয়র ভাইস-চেয়ারম্যান এবং অনুরূপ কারণে তদস্থলে ভাইস-চেয়ারম্যান দায়িত্ব পালন করিবেন।

(৪) কোন ব্যক্তি একই মেয়াদে একাধিক যোগ্যতায় কাউন্সিলের সদস্য হইতে বা থাকিতে পারিবেন না।

৭। **কাউন্সিল ও সদস্যদের কার্যকালের মেয়াদ।-**

(১) কাউন্সিলের মেয়াদ হইবে উহার প্রথম বৈঠকের তারিখ হইতে তিন বছর।

(২) কাউন্সিলের সদস্যগণ বিধি মোতাবেক নির্ধারিত পদ্ধতিতে ও নির্ধারিত মেয়াদের জন্য নির্বাচিত অথবা, ক্ষেত্র বিশেষে, মনোনীত হইবেন।

(৩) কাউন্সিলের প্রত্যেক সদস্য, ইহার আইনের অন্যান্য বিধান ও ইহার অধীনে প্রণীত বিধি সাপেক্ষে নির্ধারিত মেয়াদ শেষে তাঁহার উত্তরাধিকারী নির্বাচন অথবা, ক্ষেত্র বিশেষে, মনোনয়ন অনুষ্ঠান না হওয়া পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন।

(৪) উপ-ধারা (১) এ উল্লিখিত মেয়াদ শেষ হইবার পূর্বে মনোনয়নকারী কর্তৃপক্ষ মনোনীত কোন সদস্যকে তাহার পদ হইতে যে কোন সময় অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(৫) কাউন্সিলের কোন সদস্য পদ সাময়িকভাবে শূন্য হইলে নির্বাচিত সদস্যের ক্ষেত্রে নির্বাচনের মাধ্যমে এবং মনোনীতি সদস্যের ক্ষেত্রে মনোনয়নের মাধ্যমে পূরণ করিতে হইবে এবং উক্ত রূপে নির্বাচিত বা মনোনীত সদস্য অবশিষ্ট মেয়াদের জন্য বহাল থাকিবেন।

(৬) <u>পদত্যাগ।-</u>

কোন সদস্য চেয়ারম্যান বরাবরে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদত্যাগ করিতে পারিবেন, তবে চেয়ারম্যান কর্তৃক গৃহিত না হওয়া পর্যন্ত পদত্যাগ কার্যকর হইবে না।

(৭) <u>শূন্যতা ঘোষণা।-</u>

যদি কোন সদস্য-

(ক) কাউন্সিলের মতে উপযুক্ত কারণ ছাড়া পর পর কাউন্সিলের ০৩টি সাধারন সভায় অনুপস্থিত থাকেন; অথবা

(খ) ১২ ধারায় উল্লেখিত যে কোন অযোগ্যতায় পড়েন; তবে, কাউন্সিল তাহার পদটি শূন্য হইয়াছে বলিয়া ঘোষণা করিবে।

৮। **কাউন্সিলের দায়িত্ব ও কার্যাবলি।-** কাউন্সিলের দায়িত্ব ও কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা:-

(ক) ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা বিষয়ে ডিপ্লোমা ইন ইউনানি মেডিসিন এন্ড সার্জারি, ডিপ্লোমা ইন আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি, ব্যাচেলর অব ইউনানি মেডিসিন এন্ড সার্জারি, ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি এবং ইউনানী ও আয়র্বেদিক বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রিধারীদের বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক হিসাবে নিবন্ধন;

(খ) নিবন্ধিত ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকগণের দেশি-বিদেশি ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষার অন্যান্য কোর্স ও ডিগ্রির স্বীকৃতি প্রদান;

(গ) ইউনানি ও আয়ুর্বেদিক উচ্চ শিক্ষা ও গবেষণায় আর্থিক অনুদান প্রদান, গবেষণাসমূহের অনুমোদন, স্বীকৃতি ও প্রকাশনাসহ এতৎসংক্রান্ত অন্যান্য কার্যক্রম গ্রহণ;

Scanned with OKEN Scanner

(ঘ) ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা সেবার নির্ধারিত মানদন্ড নিশ্চিতকরণ এবং ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকগণের নৈতিকতা নিশ্চিতকরণের ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসার অসাধু অনুশীলন প্রতিরোধে পদক্ষেপ গ্রহণ ও চিকিৎসকদের আচরণবিধি প্রণয়ন;

(ঙ) ইউনানি ও আয়ুর্বেদিক বিষয়ে বই, পত্রিকা, জার্নাল, বুলেটিন, সাময়িকী বা অনুরূপ প্রকাশনার ব্যবস্থা গ্রহণ এবং চিকিৎসা গাইডলাইন, ম্যানুয়েল বা অনুরূপ অন্যান্য দলিল অনুমোদন;

(চ) ইউনানী ও আয়ুর্বেদিক চিকিৎসকগণের পেশাগত মান উন্নয়নের জন্য অনুশীলনের ব্যবস্থা করা এবং সময় উপযোগী প্রশিক্ষণের আয়োজন ও সনদ বিতরণ; এবং

(ট) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত অন্যান্য দায়িত্ব পালন ও কার্যাবলি সম্পাদন।

৯। **কাউন্সিলের সভা।**- (১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, কাউন্সিল উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) কাউন্সিলের সভা চেয়ারম্যানের সম্মতিক্রমে উহার সদস্য-সচিব কর্তৃক আহত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(৩) প্রতি ৩ (তিন) মাসে কাউন্সিলের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে, তবে জরুরি প্রয়োজনে কাউন্সিল যে কোনো সময় সভা আহ্বান করিতে পারিবে।

(৪) চেয়ারম্যান কাউন্সিলের সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে ভাইস-চেয়ারম্যান কাউন্সিলের সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) কাউন্সিলের সভার কোরামের জন্য উহার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৬) কাউন্সিলের প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে এবং উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা কাউন্সিল গঠনে ত্রুটি থাকিবার কারণে কাউন্সিলের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১০। **নির্বাহী কমিটি।**- (১) কাউন্সিলের একটি নির্বাহী কমিটি থাকিবে।

(২) কাউন্সিলের চেয়ারম্যান, সিনিয়র ভাইস-চেয়ারম্যান, ভাইস-চেয়ারম্যান, রেজিস্ট্রার এবং কাউন্সিল সদস্যগণের মধ্য হইতে ৩ (তিন) জন নির্বাচিত সদস্যসহ মোট ৭ (সাত) জন সদস্যের সমন্বয়ে নির্বাহী কমিটি গঠিত হইবে;

(৩) কাউন্সিলের চেয়ারম্যান ও রেজিস্ট্রার পদাধিকারবলে নির্বাহী কমিটির চেয়ারম্যান ও সদস্য-সচিব হইবেন;

(৪) কাউন্সিলের পরিচালনা ও প্রশাসন নির্বাহী কমিটির উপর ন্যাস্ত থাকিবে, এবং নির্বাহী কমিটি কাউন্সিল কর্তৃক; এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করিবে;

(৫) নির্বাহী কমিটি উহার ক্ষমতা প্রয়োগে ও কার্যাবলী সম্পাদনের ক্ষেত্রে কাউন্সিলের নিকট দায়ী থাকিবে এবং কাউন্সিল কর্তৃক সময়ে সময়ে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করিবে।

১১। **নির্বাহী কমিটির সভা।**- (১) এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, নির্বাহী কমিটি উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) নির্বাহী কমিটির সভা চেয়ারম্যানের সম্মতিক্রমে উহার সদস্য-সচিব কর্তৃক আহত হইবে এবং চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত স্থান, তারিখ ও সময়ে অনুষ্ঠিত হইবে।

Scanned with OKEN Scanner

(৩) প্রতি ৩ (তিন) মাসে নির্বাহী কমিটির অন্যূন ১ (এক) টি সভা অনুষ্ঠিত হইবে, তবে জরুরি প্রয়োজনে যে কোনো সময় সভা আহ্বান করা যাইবে।

(৪) চেয়ারম্যান নির্বাহী কমিটির সকল সভায় সভাপতিত্ব করিবেন, তবে তাহার অনুপস্থিতিতে তৎকর্তৃক মনোনীত উক্ত পরিষদের কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) নির্বাহী কমিটির সভার কোরামের জন্য উহার অন্যূন এক তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৬) নির্বাহী কমিটির প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোটাধিকার থাকিবে এবং উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৭) কেবল কোনো সদস্য পদে শূন্যতা বা নির্বাহী পরিষদ গঠনে ত্রুটি থাকিবার কারণে নির্বাহী কমিটির কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না এবং তৎসম্পর্কে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

১২। **মনোনীত সদস্যগণের অযোগ্যতা ও অপসারণ**।- (১) ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (খ) হইতে (ঙ) এবং দফা (ড) তে উল্লিখিত কোনো ব্যক্তি, কাউন্সিলের সদস্য হিসাবে মনোনীত হইবার বা সদস্য পদে অধিষ্ঠিত থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিক না হন বা নাগরিকত্ব না থাকে; অথবা

(খ) নৈতিক স্খলনের জন্য কোনো ফৌজদারি অপরাধে দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত হইয়া থাকেন; অথবা

(গ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হইয়া থাকেন; অথবা

(ঘ) কোনো উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হইয়া থাকেন।

(২) সরকার লিখিত আদেশ দ্বারা কাউন্সিলের যে কোনো মনোনীত সদস্যকে তাহার পদ হইতে অপসারণ করিতে পারিবে, যদি তিনি –

(ক) এই আইনের অধীন অর্পিত দায়িত্ব পালনে অস্বীকার করেন বা ব্যর্থ হন বা অসমর্থ হন; অথবা

(খ) সরকারের বিবেচনায় তাহার পদের অপব্যবহার করেন।

(৩) কাউন্সিলের কোনো মনোনীত সদস্যকে অব্যাহতি প্রদান বা অপসারণ করা হইলে সরকার সংশ্লিষ্ট পদে এই আইনের বিধান অনুযায়ী নূতন কোনো ব্যক্তিকে মনোনয়ন প্রদান করিতে পারিবে।

১৩। **রেজিস্ট্রার**।- (১) কাউন্সিলের একজন রেজিস্ট্রার থাকিবেন এবং তাহার নিয়োগ ও কর্মের শর্তাদি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে। রেজিস্ট্রারের অনুপস্থিতিতে কাউন্সিলের জ্যেষ্ঠ কর্মকর্তা কাউন্সিলের রেজিস্ট্রারের দায়িত্ব পালন করিবেন।

(২) রেজিস্ট্রার নিম্নবর্ণিত দায়িত্ব পালন করিবেন, যথা:-

(ক) চেয়ারম্যানের নির্দেশনা অনুযায়ী, কাউন্সিলের সভার তারিখ, সময় ও আলোচ্যসূচি নির্ধারণ এবং কার্যপত্র ও কার্যবিবরণী প্রস্তুত;

(খ) কাউন্সিল কর্তৃক সম্পাদিত কার্যাবলির বিবরণ ও সংশ্লিষ্ট নথি সংরক্ষণ;

(গ) চেয়ারম্যানের নির্দেশনা অনুযায়ী কাউন্সিলের দৈনন্দিন প্রশাসন পরিচালনায় সহায়তা প্রদান; এবং

(ঘ) চেয়ারম্যান কর্তৃক নির্দেশিত অন্যান্য দায়িত্ব পালন ও কার্য সম্পাদন।

১৪। **কর্মচারী নিয়োগ, ইত্যাদি**।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে কাউন্সিল, সরকার কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগ করিতে পারিবে।

Scanned with OKEN Scanner

(২) কাউন্সিলের কর্মচারীদের নিয়োগ ও চাকরির শর্তাবলি প্রবিধান দ্বারা নির্ধারিত হইবে।

১৫। অন্যান্য কমিটি গঠন।- (১) কাউন্সিল এই আইনের অধীন উহার কোনো ক্ষমতা প্রয়োগ বা কোনো দায়িত্ব পালনে সহায়তা করিবার উদ্দেশ্যে, তৎকর্তৃক নির্ধারিত সীমা ও শর্ত সাপেক্ষে, কাউন্সিলের কোনো সদস্য বা কাউন্সিলের কর্মচারীর সমন্বয়ে এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে, এবং, প্রয়োজনবোধে, উক্ত কমিটিতে অন্য কোনো ব্যক্তিকেও অন্তর্ভুক্ত করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটির দায়িত্ব ও কার্যাবলি কাউন্সিল কর্তৃক নির্ধারিত হইবে।

তৃতীয় অধ্যায়
ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকগণের নিবন্ধন, ইত্যাদি

১৬। ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকগণের নিবন্ধন, ইত্যাদি।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিল প্রবিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকগণের নিবন্ধন করত তাহাদের নাম, এতৎসংক্রান্ত প্রয়োজনীয় বিবরণসহ, নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিবে, এবং উক্ত নিবন্ধন বহি সংরক্ষণ ও হালনাগাদ করিবে।

(২) ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা বিষয়ে ডিপ্লোমা ইন ইউনানি মেডিসিন এন্ড সার্জারি, ডিপ্লোমা ইন আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি, ব্যাচেলর অব ইউনানি মেডিসিন এন্ড সার্জারি, ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি এবং ইউনানী ও আয়ুর্বেদিক বিষয়ে স্নাতকোত্তর সনদধারী কোনো ব্যক্তি প্রবিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ও ফি পরিশোধ সাপেক্ষে কাউন্সিলের নিকট নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবেন।

(৩) বাংলাদেশ মেডিকেল ও ডেন্টাল কাউন্সিল আইন, ২০১০ (২০১০ সনের ৬১ নং আইন) এর অধীন চিকিৎসক হিসাবে নিবন্ধিত কোনো ব্যক্তি প্রবিধান দ্বারা নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক হিসাবে নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবেন।

(৪) কোনো স্বীকৃত বিদেশি ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠান হইতে ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসায় স্নাতকোত্তর, ব্যাচেলর অব ইউনানি ও আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি বা ডিপ্লোমা ইন ইউনানি ও আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি সনদধারী কোনো ব্যক্তি এই আইনের অধীন প্রণীত প্রবিধান দ্বারা নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে, এই আইনের অধীন ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক হিসাবে নিবন্ধনের জন্য আবেদন করিতে পারিবেন।

(৫) বিদেশে নিবন্ধিত কোনো ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক বাংলাদেশে ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা কার্যক্রম পরিচালনা করিতে চাহিলে তাহাকে উক্ত চিকিৎসা কার্যক্রম শুরু করিবার পূর্বেই নির্ধারিত পদ্ধতিতে কাউন্সিলের অনুমতি গ্রহণ করিতে হইবে।

১৭। নিবন্ধন স্থগিত, বাতিল, নিবন্ধন বহি হইতে নাম কর্তন, ইত্যাদি।- (১) কোনো ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক এই আইন বা তদ্‌ধীন প্রণীত বিধি বা প্রবিধানের কোনো বিধান লঙ্ঘনের কারণে দোষী সাব্যস্ত হইলে, কাউন্সিল প্রবিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে উক্ত ব্যক্তির নিবন্ধন স্থগিত বা, ক্ষেত্রমত, বাতিল করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, এই ধারার অধীন কাউন্সিল কর্তৃক কোনো ব্যবস্থা গ্রহণের পূর্বে উক্ত ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসককে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে কারণ দর্শানোর সুযোগ প্রদান করিতে হইবে।

১৮। ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকের তালিকা প্রকাশ।- (১) কাউন্সিল, প্রতি ২ (দুই) বৎসর অন্তর, প্রবিধি দ্বারা নির্ধারিত নাম, ঠিকানা, নিবন্ধনের তারিখ বা, অনুরূপ অন্যান্য বিষয় নিবন্ধন বহিতে অন্তর্ভুক্ত করিয়া ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকগণের তালিকা হালনাগাদ ও প্রকাশ করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রকাশিত তালিকায় কোনো ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসকের নাম না থাকিলে তিনি প্রবিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তাহার নাম অন্তর্ভুক্তির জন্য কাউন্সিলের নিকট আবেদন করিতে পারিবেন।

Scanned with OKEN Scanner

১৯। **নিবন্ধন বহি, ইত্যাদি সরকারি দলিল।**- এই আইন বা তদ্‌ধীন প্রণীত কোনো বিধি বা প্রবিধানের অধীন প্রণীত, প্রকাশিত ও সংরক্ষিত নিবন্ধন বহি বা অনুরূপ দলিলাদি Evidence Act, 1872 (Act No. I of 1872) এর অধীন সরকারি দলিল (public document) বলিয়া গণ্য হইবে।

২০। **ভর্তি ও চিকিৎসা শিক্ষা যোগ্যতা।**- এই আইনের অধীন স্বীকৃত বিভিন্ন কোর্স, ডিগ্রি বা অনুশীলনে ভর্তি ও চিকিৎসা শিক্ষা যোগ্যতাসহ আনুষঙ্গিক বিষয়াদি প্রবিধি দ্বারা নির্ধারিত হইবে।

২১। **পরীক্ষা।**- ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠান উহার শিক্ষার্থীদের ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা বিষয়ে ডিপ্লোমা ইন ইউনানি মেডিসিন এন্ড সার্জারি ও ডিপ্লোমা ইন আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি, ব্যাচেলর অব ইউনানি মেডিসিন এন্ড সার্জারি ও ব্যাচেলর অব আয়ুর্বেদিক মেডিসিন এন্ড সার্জারি, স্নাতকোত্তর ডিগ্রি, অথবা এই আইন বা তদ্‌ধীন প্রণীত প্রবিধি দ্বারা স্বীকৃত এবং নির্ধারিত পদ্ধতিতে কোর্সের সনদ প্রদানের উদ্দেশ্যে প্রতি বৎসর অন্তত ১ (এক) বার করিয়া পদ্ধতিতে পরীক্ষা গ্রহণ করিবে।

চতুর্থ অধ্যায়
শিক্ষা প্রতিষ্ঠানসমূহ, পরিদর্শন, আপিল, ইত্যাদি

২২। **ইউনানী ও আয়ুর্বেদিক প্রতিষ্ঠানসমূহের স্বীকৃতি।**- (১) কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে নির্ধারিত পদ্ধতিতে ইউনানী ও আয়ুর্বেদিক প্রতিষ্ঠানসমূহের স্বীকৃতি প্রদান করিবে।

২৩। **পরিদর্শন।**- (১) কাউন্সিল ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা প্রদানকারী ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের লক্ষ্যে নীতিমালা প্রনয়ন করিবে। প্রতিষ্ঠানসমূহ পরিদর্শন, উহার সক্ষমতা যাচাই বা কাউন্সিল কর্তৃক পরিচালিত পরীক্ষা তদারকি করিবার জন্য সরকারের পূর্বানুমোদনক্রমে চেয়ারম্যান বা কাউন্সিলের কোনো সদস্য বা কাউন্সিলের কোনো কর্মচারীকে দায়িত্ব প্রদান করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি তাহার উপর অর্পিত দায়িত্ব সম্পন্ন করিয়া কাউন্সিলের নিকট প্রতিবেদন দাখিল করিবেন।

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রতিবেদন পাইবার পর কাউন্সিল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

২৪। **ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানের তালিকা প্রকাশ।**- (১) কাউন্সিল প্রতি বৎসর প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে স্বীকৃত বা অনুমোদনপ্রাপ্ত দেশি ও বিদেশি ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের তালিকা প্রকাশ করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন প্রকাশিত তালিকায় কোনো ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানের নাম না থাকিলে প্রবিধান দ্বারা নির্ধারিত পদ্ধতিতে, উক্ত তালিকায় নাম অন্তর্ভুক্তির সুযোগ প্রদান করা যাইবে।

২৫। **স্বীকৃতি বা অনুমোদন স্থগিত, প্রত্যাহার, ইত্যাদি।**- (১) কাউন্সিল সরকারের পূর্বানুমোদনক্রমে স্বীকৃতিপ্রাপ্ত বা অনুমোদিত ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সরেজমিনে পরিদর্শন করিয়া প্রতিবেদন দাখিল করিবার জন্য এক বা একাধিক কমিটি গঠন করিতে পারিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গঠিত কমিটি উহার পরিদর্শন প্রতিবেদন রেজিস্ট্রারের নিকট প্রেরণ করিবে এবং রেজিস্ট্রার উক্ত প্রতিবেদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য প্রতিবেদনটি কাউন্সিলের নিকট উপস্থাপন করিবে।

(৩) উপ-ধারা (২) অনুযায়ী প্রাপ্ত প্রতিবেদন যাচাই-বাছাইক্রমে, কাউন্সিল সংশ্লিষ্ট ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম সম্পর্কে সন্তুষ্ট না হইলে, সরকারের পূর্বানুমোদনক্রমে, উহার স্বীকৃতি বা অনুমোদন নির্ধারিত পদ্ধতিতে স্থগিত বা প্রত্যাহার করিতে পারিবে।

২৬। **আপিল।**- (১) কাউন্সিলের কোনো সিদ্ধান্তের ফলে কোনো ব্যক্তি, ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠান বা ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক সংক্ষুব্ধ হইলে তিনি উক্ত সিদ্ধান্ত অবহিত হইবার তারিখ হইতে অনধিক ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে নির্ধারিত পদ্ধতিতে সরকারের নিকট আপিল করিতে পারিবেন।

(২) সরকার, কাউন্সিল কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত বিবেচনা করিয়া প্রয়োজনীয় আদেশ প্রদান করিতে পারিবে।

Scanned with OKEN Scanner

(৩) উপ-ধারা (২) এর অধীন প্রদত্ত আদেশ চূড়ান্ত বলিয়া গণ্য হইবে এবং উক্ত সিদ্ধান্তের বিরুদ্ধে কোথাও কোনো প্রশ্ন উত্থাপন করা যাইবে না।

পঞ্চম অধ্যায়
অপরাধ, দন্ড ও বিচার, ইত্যাদি

২৭। ইউনানী বা আয়ুর্বেদিক হাসপাতাল ও সংযুক্ত ঔষধ উৎপাদন বিভাগের অনুমোদন।

অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন, ইউনানী বা আয়ুর্বেদিক হাসপাতাল ও সংযুক্ত ঔষধ উৎপাদন বিভাগ চালু করণে কাউন্সিলের পূর্ব অনুমতি প্রয়োজন হইবে।

২৮। প্রচারকার্য, ইত্যাদিতে নিষেধাজ্ঞা।- (১) অন্য কোন আইনে যাহাই থাকুক না কেন, কাউন্সিলের অনুমোদন ব্যতীত ইউনানী বা আয়ুর্বেদিক চিকিৎসা ক্ষেত্রে কেবল স্থান পরিবর্তন বা সেবাদানের সময়সূচী ছাড়া কেহ নিজ বা সেবাকেন্দ্রের প্রচার করিতে বা প্রচারের কোনরূপ পন্থা বা কৌশল অবলম্বন করিতে পারিবেন না।

(২)কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে উহা একটি অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদন্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন। অধিকন্তু , সেবাকেন্দ্র যদি একাধিক মালিকানায় প্রতিষ্ঠিত হয় তবে প্রত্যেক পরিচালক বা অংশীদারই অন্যূন দুই লক্ষ টাকা জরিমানার শাস্তিযোগ্য হইবেন। প্রচারকার্য যদি অশ্লীল, কুরুচীপূর্ণ প্রতীয়মান হয় তবে শাস্তির পরিমান দ্বিগুণ পর্যন্ত করা যাইবে।

২৯। ভুয়া ডিগ্রি, উপাধি, ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।- (১) কোনো ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক এই আইনের বিধান অনুযায়ী অর্জিত ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা যোগ্যতা ব্যতীত অন্য কোনো কোর্সের নাম, ডিগ্রি, সনদ, উপাধি, পদবি, বিবরণ বা প্রতীক ব্যবহার, প্রকাশ বা প্রচার করিতে পারিবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে উহা একটি অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদন্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৩০। ব্যবস্থাপত্রে অ-অনুমোদিত ঔষধ লিখিবার দন্ড।- (১) কোনো ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক ইউনানি, আয়ুর্বেদিক ও হারবাল ফার্মাকোপিয়াতে ও সিলেবাসে অন্তর্ভুক্ত নেই এমন কোনো ঔষধ ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা ব্যবস্থাপত্রে উল্লেখ করিতে পারিবেন না।

(২) কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লঙ্ঘন করিলে উহা একটি অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসর কারাদন্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

৩১। নিবন্ধন ব্যতীত চিকিৎসা পেশা পরিচালনা, ঔষধ প্রদান, মজুদ, বিক্রয়, ইত্যাদি।- (১) নিবন্ধন ব্যতীত ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক হিসাবে ইউনানি ও আয়ুর্বেদিক পদ্ধতিতে চিকিৎসা প্রদান বা ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা সংক্রান্ত কোনো দায়িত্ব পালন বা শিক্ষাদান করা যাইবে না।

(২) কোনো ব্যক্তি ইউনানি, আয়ুর্বেদিক ও হারবাল ফার্মাকোপিয়াতে অন্তর্ভুক্ত ঔষধ ব্যতীত অন্য কোনো ঔষধ মজুদ, প্রদর্শন বা বিক্রয় করিতে পারিবেন না।

(৩) কোনো ব্যক্তি উপ-ধারা (১) বা (২) এর বিধান লঙ্ঘন করিলে উহা একটি অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য তিনি অনধিক ১ (এক) বৎসরের কারাদন্ড বা অনধিক ১ (এক) লক্ষ টাকা অর্থদন্ড অথবা উভয় দন্ডে দন্ডিত হইবেন।

Scanned with OKEN Scanner

৩২। অননুমোদিত ডিগ্রি বা সনদ ইস্যু, অনুকরণ, ইত্যাদি নিষিদ্ধ।- (১) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান এই আইন বা তদ্‌ধীন প্রণীত বিধি বা প্রবিধানের অধীন প্রদত্ত ডিগ্রি বা সনদের সদৃশ বা অনুকরণে ইউনানি ও আয়ুর্বেদিক পদ্ধতিতে চিকিৎসা করিবার অধিকার প্রদান করিয়া কোনো ডিগ্রি বা সনদ মঞ্জুর বা ইস্যু করিতে পারিবে না।

(২) স্বীকৃতিবিহীন বা অনুমোদনবিহীন কোনো ইউনানি ও আয়ুর্বেদিক শিক্ষা প্রতিষ্ঠান ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা সংক্রান্ত কোনো কোর্স পরিচালনা বা সনদ প্রদান করিতে পারিবে না।

(৩) কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান উপ-ধারা (১) বা (২) এর বিধান লঙ্ঘন করিলে উহা একটি অপরাধ হিসাবে গণ্য হইবে এবং তজ্জন্য তিনি বা উক্ত প্রতিষ্ঠানের মালিক বা স্বত্বাধিকারী, চেয়ারম্যান, প্রধান নির্বাহী, পরিচালক, ব্যবস্থাপক, অংশিদার বা অন্য কোনো কর্মকর্তা বা এজেন্ট বা প্রতিনিধি বা অন্য যে কোনো নামেই অভিহিত হউক না কেন, অনধিক ৩ (তিন) বৎসরের কারাদণ্ড বা অনধিক ৫ (পাঁচ) লক্ষ টাকা অর্থদণ্ড অথবা উভয় দন্ডে দণ্ডিত হইবেন, যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে হইয়াছে অথবা উক্ত অপরাধ রোধ করিবার জন্য তিনি যথাসাধ্য চেষ্টা করিয়াছেন।

৩৩। অপরাধের তদন্ত, বিচার, ইত্যাদি।- এই আইনের অধীন কোনো অপরাধের অভিযোগ দায়ের, তদন্ত, বিচার, আপিল ও এতদ্‌সংশ্লিষ্ট অন্যান্য বিষয়ের ক্ষেত্রে Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর বিধান প্রযোজ্য হইবে।

৩৪। অপরাধের জামিনযোগ্যতা ও আপোষযোগ্যতা।- ধারা ৩১ এ উল্লিখিত অপরাধ ব্যতীত এই আইনে উল্লিখিত অন্যান্য অপরাধসমূহ জামিনযোগ্য (bailable) এবং আপোষযোগ্য (compoundable) হইবে।

৩৫। অর্থদণ্ড আরোপের ক্ষেত্রে ম্যাজিস্ট্রেটের বিশেষ ক্ষমতা।- Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898) এর section 32 এ যাহা কিছুই থাকুক না কেন, জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট বা, ক্ষেত্রমত, মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট এই আইনের ধারা ২৮, ২৯, ৩০ ও ৩১ এ উল্লিখিত পরিমাণ অর্থদণ্ড আরোপ করিতে পারিবেন।

৩৬। মোবাইল কোর্ট আইন, ২০০৯ এর প্রয়োগ।- এই আইনে ভিন্নরূপ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন সংঘটিত কোনো অপরাধ মোবাইল কোর্ট আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৯ নং আইন) এর তফসিলভুক্ত করিয়া বিচার করা যাইবে।

ষষ্ঠ অধ্যায়
তহবিল, হিসাবরক্ষণ, ইত্যাদি

৩৭। তহবিল।- (১) এই আইনের উদ্দেশ্য পূরণকল্পে বাংলাদেশ ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসা শিক্ষা কাউন্সিল তহবিল নামে কাউন্সিলের একটি তহবিল থাকিবে এবং উক্ত তহবিলে নিম্নবর্ণিত উৎসসমূহ হইতে প্রাপ্ত অর্থ জমা হইবে, যথা:-

(ক) সরকারের নিকট হইতে প্রাপ্ত বরাদ্দ বা অনুদান;

(খ) সরকারের অনুমোদনক্রমে, কোনো দেশি বা বিদেশি ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত দান;

(গ) এই আইনের অধীন ফি বাবদ প্রাপ্ত অর্থ;

(ঘ) কাউন্সিলের অর্থ বিনিয়োগ হইতে প্রাপ্ত মুনাফা;

(ঙ) ব্যাংকে গচ্ছিত অর্থ হইতে প্রাপ্ত মুনাফা; এবং

(চ) অন্য কোনো বৈধ উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(২) তহবিলের অর্থ কাউন্সিলের অনুমোদনক্রমে কোনো তফসিলি ব্যাংকে কাউন্সিলের নামে জমা রাখিতে হইবে এবং বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে তহবিল হইতে অর্থ উত্তোলন ও তহবিল পরিচালনা করা যাইবে।

Scanned with OKEN Scanner

(৩) কাউন্সিল এর দায়িত্ব ও কার্যাবলি সম্পাদন এবং রেজিস্ট্রারসহ কাউন্সিলের অন্যান্য কর্মচারীদের বেতন, ভাতা ও আনুষঙ্গিক সকল ব্যয় তহবিল হইতে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নির্বাহ করা হইবে।

৩৮। **বাজেট**।- কাউন্সিল, সরকার কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে, প্রতি অর্থ বৎসরের সম্ভাব্য আয় ও ব্যয় এবং উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে কি পরিমাণ অর্থ প্রয়োজন হইবে উহা উল্লেখ করিয়া একটি বাজেট বিবরণী সরকারের অনুমোদনের জন্য পেশ করিবে।

৩৯। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা**।- (১) কাউন্সিল যথাযথভাবে উহার হিসাবরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুত করিবে।

(২) বাংলাদেশের মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অতঃপর মহা হিসাব-নিরীক্ষক নামে অভিহিত, প্রত্যেক বৎসর কাউন্সিলের হিসাব নিরীক্ষা করিবেন এবং বিদ্যমান আইনের বিধান মোতাবেক নিরীক্ষা রিপোর্ট দাখিল করিবেন।

(৩) উপ-ধারা (২) এ উল্লিখিত হিসাব নিরীক্ষা ছাড়াও Bangladesh Chartered Accountants Order, 1973 (President's Order No. 2 of 1973) এর Article 2(1)(b) তে সংজ্ঞায়িত Chartered Accountant দ্বারা কাউন্সিলের হিসাব নিরীক্ষা করা যাইবে এবং এতদুদ্দেশ্যে কাউন্সিল এক বা একাধিক Chartered Accountant নিয়োগ করিতে পারিবে।

(৪) উপ-ধারা (৩) এর অধীন নিয়োগকৃত Chartered Accountant এতদুদ্দেশ্যে কাউন্সিল কর্তৃক নির্ধারিত হারে পারিশ্রমিক প্রাপ্য হইবেন।

(৫) উপ-ধারা (২) ও (৩) এর অধীন হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহা হিসাব-নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি অথবা, ক্ষেত্রমত, Chartered Accountant কাউন্সিলের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংকে গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন এবং প্রেসিডেন্ট, ভাইস প্রেসিডেন্ট, চেয়ারম্যান, রেজিস্ট্রার এবং গভর্নিং বডি বা নির্বাহী পরিষদের কোনো সদস্যসহ কাউন্সিলের কোনো কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করিতে পারিবেন।

৪০। **বার্ষিক প্রতিবেদন**।- (১) কাউন্সিল প্রত্যেক অর্থ বৎসর শেষে ৩১ জুলাই এর মধ্যে উক্ত বৎসরে সম্পাদিত কার্যাবলির বিবরণ সংবলিত একটি বার্ষিক প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার, প্রয়োজনে, কাউন্সিলের নিকট হইতে যে কোনো সময় যে কোনো বিবরণী, হিসাব, পরিসংখ্যান এবং কাউন্সিলের নিয়ন্ত্রণাধীন যে কোনো বিষয় সম্পর্কিত তথ্য বা উক্তরূপ যে কোনো বিষয় সম্পর্কিত প্রতিবেদন যাচনা করিতে পারিবে এবং কাউন্সিল উহা সরকারের নিকট প্রেরণ করিতে বাধ্য থাকিবে।

সপ্তম অধ্যায়
বিবিধ

৪১। **বিধি প্রণয়নের ক্ষমতা**।- এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৪২। **প্রবিধি প্রণয়নের ক্ষমতা**।- এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, কাউন্সিল, সরকারের পূর্বানুমোদনক্রমে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইন ও তদ্‌ধীন প্রণীত বিধির সহিত সামঞ্জস্যপূর্ণ হওয়া সাপেক্ষে, প্রবিধান প্রণয়ন করিতে পারিবে।

৪৩। **রহিতকরণ ও হেফাজত**।- (১) Bangladesh Unani and Ayurvedic Practitioners Ordinance, 1983 (Ordinance No. XXXII of 1983), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত হইবে।

Scanned with OKEN Scanner

(২) উপ-ধারা (১) এর অধীন রহিত হওয়া সত্ত্বেও, উক্ত Ordinance এর অধীন-

(ক) কৃত কোনো কার্য বা গৃহীত কোনো ব্যবস্থা বা প্রদত্ত কোনো নোটিশ এই আইনের অধীন কৃত, গৃহীত বা প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(খ) প্রণীত কোনো বিধি বা প্রবিধান, জারীকৃত কোনো আদেশ, বিজ্ঞপ্তি বা প্রজ্ঞাপন এই আইনের অধীন রহিত বা সংশোধিত না হওয়া পর্যন্ত এই আইনের বিধানাবলি বা, ক্ষেত্রমত, তদ্‌ধীন প্রণীত বিধি বা প্রবিধানের সহিত অসামঞ্জস্যপূর্ণ না হওয়া সাপেক্ষে বলবৎ থাকিবে এবং এই আইনের অধীন প্রণীত ও জারীকৃত বলিয়া গণ্য হইবে;

(গ) নিবন্ধিত, তালিকাভুক্ত বা সার্টিফিকেটপ্রাপ্ত কোনো ইউনানি ও আয়ুর্বেদিক চিকিৎসক বা শিক্ষক এই আইনের অধীন নিবন্ধিত, তালিকাভুক্ত বা সার্টিফিকেটপ্রাপ্ত বলিয়া গণ্য হইবেন; এবং

(ঘ) কোনো কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এই আইনের অধীন নিষ্পন্ন করিতে হইবে।

(৩) উক্ত Ordinance রহিত হইবার সঙ্গে সঙ্গে উক্ত Ordinance এর অধীন প্রতিষ্ঠিত Bangladesh Board of Unani and Ayurvedic Systems of Medicine এর-

(ক) সকল সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা এবং স্থাবর ও অস্থাবর সকল সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ ও জামানত, সকল দাবি, হিসাব বহি বা রেজিস্টার, রেকর্ড ও দলিল, এই আইনের অধীন প্রতিষ্ঠিত কাউন্সিলের সম্পদ, অধিকার, ক্ষমতা, কর্তৃত্ব, সুবিধা এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ ও জামানত, দাবি, হিসাব বহি বা রেজিস্টার, রেকর্ড ও দলিল হিসাবে গণ্য হইবে;

(খ) সকল ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত সকল চুক্তি ও সমঝোতা স্মারক, যদি থাকে, যথাক্রমে, কাউন্সিলের ঋণ, দায় ও দায়িত্ব এবং উহার দ্বারা, উহার পক্ষে বা উহার সহিত সম্পাদিত চুক্তি ও সমঝোতা স্মারক বলিয়া গণ্য হইবে;

(গ) বিরুদ্ধে বা তৎকর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা কাউন্সিলের বিরুদ্ধে বা তৎকর্তৃক দায়েরকৃত মামলা বা আইনগত কার্যধারা বলিয়া গণ্য হইবে;

(ঘ) সকল কর্মচারী কাউন্সিলের কর্মচারী বলিয়া গণ্য হইবেন এবং এই আইন প্রবর্তনের অব্যবহিত পূর্বে তাহারা যে শর্তে চাকরিতে নিয়োজিত ছিলেন, এই আইন বা, ক্ষেত্রমত, তদ্‌ধীন প্রণীত বিধি বা প্রবিধানের বিধান ও অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী পরিবর্তিত না হওয়া পর্যন্ত, তাহারা সেই একই শর্তে কাউন্সিলের চাকরিতে নিয়োজিত এবং, ক্ষেত্রমত, বহাল থাকিবেন;

(ঙ) চেয়ারম্যান নির্বাহী পরিষদের চেয়ারম্যান হিসাবে নিয়োজিত হইয়াছেন বলিয়া গণ্য হইবেন এবং এই আইন প্রবর্তনের পূর্বে তিনি সরকার কর্তৃক মনোনীত হইয়া যে শর্তাধীনে নিয়োজিত ও কর্মরত ছিলেন উহা সরকার কর্তৃক পরিবর্তিত না হওয়া পর্যন্ত, সেই একই শর্তে নিয়োজিত ও কর্মরত থাকিবেন; এবং

(চ) সকল কর্মচারী অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুযায়ী পদায়িত না হওয়া পর্যন্ত কাউন্সিলের কর্মচারী হিসাবে কর্মরত থাকিবেন।

৪৪। **ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**- (১) এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিতে পারিবে।

(২) বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

Scanned with OKEN Scanner